# উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর এর জানুয়ারি-২০২৫ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ মাহফুজুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স
তারিখ : ২২-০১-২০২৫ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরুপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।<br>রবি-২০২৪ এর আবাদের তথ্যঃ<br>সরিষা- ২৬৮৫ হে. সূর্যমুখী- ২২ হে. গম- ১০২৫ হে. মসুর- ১১০০ হে. পেঁয়াজ- ১৯৪ হে. ধনিয়া- ৫৮০ হে. শাকসবজি- হে.<br>সারের বরাদ্দঃ- ইউরিয়া- ৩৩৭ মে.টন, ডিএপি- ৪০০ মে.টন, টিএসপি- ২২ মে.টন, এমওপি- ১০০ মে.টন।<br>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে সার্বক্ষনিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, বহিঃ বিভাগ- ১১১২০ জন, জরুরী বিভাগ- ১০৪৫ জন, অন্ত বিভাগ- ৮১৭ জন, সিজারিয়ান- ০৩ জন, স্বাভাবিক ডেলিভারী- ০২ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসা সেবা-৪৯ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা- ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা- ০১ জন, শয্যা ব্যবহারের হার- ১৪৫%, মৃত্যুর হার-০.২৪%, রোগীর গড় অবস্থান- ২.৪৫ দিন, মোট ডেংগু রোগী- ৪৪ জন, এইচ এম পি ভি রোগীর সংখ্যা-০ জন। ইউনিয়ন সাব সেন্টারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা- ২৮০৬ জন, কমিউনিটি ক্লিনিকে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা- ১৪৫৫০ জন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদিপশুর টিকা প্রদান-২২০০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৪৫৫০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৮৭০ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১২১২ টি, পোষা প্রাণীর চিকিৎসা সেবা প্রদান-২০ টি, কৃত্রিম প্রজনন- ৪০৮ টি, সংকর জাতের বাছুরের তথ্য- ২২৫ টি, গবাদি পশুর খামার স্থাপন-০৫ টি, উন্নত জাতের ঘাসের চাষ-১.৫ একর। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলার ০১ টি পৌরসভাসহ ১১ টি ইউনিয়নে (০১ থেকে ২৫) অক্টোবর ২৪ পর্যন্ত ১২৩৫০ টি ছাগল-ভেড়ায় ভলান্টিয়ার ভ্যাক্সিনেটরদের মাধ্যমে বিনামূল্যে ১২৩৫০ মাত্রা পিপিআর রোগের টিকা প্রদান করা হয়। ০১ টি ডিমের দোকান, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি খাদ্য বিক্রেতা, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি ঔষধ বিক্রয়কার প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ২০ জন মাংস প্রক্রিয়াজাতকারদের (কসাই) প্রশিক্ষণ প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে দ্রুত প্রকল্প নির্বাচন করা প্রয়োজন। সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৫ | ত্রান ও পুনর্বাসন শাখা | কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, রাজৈর সভায় বলেন যে, দেশীয় প্রজাতীর মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলাধীন মৎস্য খামার নিবন্ধনের নিমিত্ত জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ যাবৎ ১৯৩৫ টি মৎস্য খামার/ঘের/পুকুর জরিপ কার্য সম্পন্ন হয়েছে। আছাড়া মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজৈর জানান যে, তারুণ্যের উৎসব-২৫ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, অনলাইনে উপবৃত্তি, তৃতীয় প্রান্তিক মূল্যায়ন নীতিমালা/২৪ মোতাবেক ৩য়-৫ম শ্রেণীর মূল্যায়ন পরীক্ষা, শিশু জরিপ, শিক্ষাবর্ষ-২৫ উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন বই বরাদ্দ সাপেক্ষে বিতরণসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরণের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২৫ সালের মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তক চাহিদা অনুযায়ী এনসিটিবি এর প্রধান কার্যালয় হতে ৪১% উপজেলায় পৌঁছেছে এবং প্রাপ্ত পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে ও শিক্ষার্থীর মাঝে যথাসময়ে পৌঁছে দেয়া হয়েছে। ৫৩তম শীতকালীন জাতীয় ক্রিড়া প্রতিযোগিতা-২৫ আগামী ০৪ ও ০৫ জানুয়ারি-২৫ তারিখে অনুষ্ঠিত হবে। সকলের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরণের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, রাজৈর সভায় বলেন যে, বর্তমান মাসে মোট সক্ষম দম্পতি- ৪৮৬৪৪ জন, মোট গ্রহণকারী- ৩৭২৮৫ জন, খাবার বড়ি- ১৪১৭, কনডম-৫৮৮, ইনজেকশন-৫৪৪, আইইউডি-০৯, ইমপ্লান্ট, ডেলিভারি-০৩, পুরুষ-০, মহিলা-০, এএনসি-৫১০, পিএনসি,-১৪৬, সাধারণ রোগী- ১৮০ জন (পুরুষ), ১১০৪ জন (মহিলা), শিশু- ১৩৫ জন (পুরুষ) ও ৩১৭ জন (মহিলা), প্রজনন-১২২৩ ও পুষ্টি সেবা-২৫৩৮ জন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, রাজৈর সভায় জানান যে, সকল প্রকার ভাতার যাচাই-বাছাই পূর্বক মৃত্যু প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলার সকল ভাতাভোগীর ২য় কিস্তির ভাতার টাকা ভাতাভোগীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধি জরিপকাজ চলমান রয়েছে। ভাতাভোগীর বিকাশ নম্বর পরিবর্তনের কাজ চলমান রয়েছে। সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা প্রাপ্তির জন্য অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। যাচাই-বাছাইয়ের জন্য তারিখ নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক ব্যপক প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। সকল ইউনিয়ন হতে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থদের তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। জেলা কমিটির নির্দেশনা মোতাবেক এসডিজি কমিটি ও উপজেলা সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটির সভা করে রেজুলেশন করে জেলায় প্রেরণ করার হবে। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদন গ্রহণ করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বিআরডিবি) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর সভায় জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন ০৪ টি, মাসে অর্জন- ০১ টি, সদস্য ভর্তি- মাসে ৩২ জন, বছরে ১৭৭ জন, শেয়ার আদায়- মাসে ০.০৫ টাকা, বছরে-০.৩৭ টাকা, সঞ্চয় আদায় মাসে- ৯.১৪ টাকা, বছরে- ৫৩.৯২ টাকা, ঋণ বিতরণ মাসে-১৭৫.১৪ টাকা, বছরে ১২২৮.০১ টাকা, ঋণ আদায় মাসে- ১৭৮.৭৮ টাকা, বছরে- ১১১৫.১২ টাকা। এছাড়াও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে প্রকল্প গ্রহণঃ মৎস্য চাষ-১২৩ টি, গরু মোটাতাজাকরণ-১৪টি, হাঁস-মুরগি পালন- ১৫১ টি, সবজি চাষ-১৭১টি, ক্ষুদ্র ব্যবসা-১৯৪ টি, কৃষিকাজ-১৪১টিসহ সর্বমোট-৮৭২টি। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান রয়েছে। ইউসিসিএ'র ৪১তম বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক বিআরডিবি অফিসের পিছনে ইউসিসি'র মালিকানাধীন ৬৯ নং রাজৈর মৌজার ১৫ নং খতিয়ানের ৮১২৯, ৮১৩০ ও ৮১৩১ নং (বিআরএস) দাগে ০১ টি মৃত ও ঝুঁকিপূর্ণ রেইনট্রি গাছ রয়েছে যা দ্রুত কর্তন করা প্রয়োজন। রাজৈর থানা মোড়ে জমি সংক্রান্ত বিষয়ে স্থানীয় ভূমি দস্যু জাহাঙ্গীর হাওলাদার, হায়দার খাঁ এবং রহিমা বেগমের নেতৃত্বে ইউসিসি'র চেয়ারম্যান ও সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সাগর সাহা'র বিরুদ্ধে বিজ্ঞ জুডিসিয়াল আদালত, মাদারীপুর একটি নতুন মিথ্যা মামলা দায়ের করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | দুর্ঘটনা এড়াতে ঝুঁকিপূর্ণ রেইনট্রি গাছটি দ্রুত কর্তন এবং উপস্থাপিত মিথ্যা মামলার বিষয়ে সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ও মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজৈর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ৮০০০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়েছে। চলমান মাস পর্যন্ত ২১০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলমান মাসে যুব ঋণ আদায়-৯৭%। ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় যুব কার্যক্রম চলমান রয়েছে। সামাজিক কর্মকান্ডে যুবদের ভূমিকা শীর্ষক কর্মশালা সম্পন্ন করা হয়েছে। চলমান ও খেলাপি ঋণ আদায় অব্যাহত রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে যুব/যুব মহিলাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২ টি, বিভাগীয় প্রাথমিক ১২৮, পল্লীঃউন্নঃ বোঃ কেন্দ্রীয় ০১ টি ও পল্লীঃউন্নঃ বোঃ প্রাথমিক ১৭৯ টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ৯৫ টি, সম্পন্ন ৬৪ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৬২০০/-, অডিট ফি আদায় ৬২০০/-, সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৬৫৫৩৯/-, আদায় ৬৫৫৩৯/-, পল্লীবন্ধু আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/-, ঋণ আদায়-৩৮৫২৫০/-, সার্ভিস চার্জ- ২৬১৬০/-, ঋণ পাওনা- ৮৯৭৫০/-, দুগ্ধ প্রকল্প মোট ঋণ বিতরন-৪৮০.০০ (লক্ষ টাকায়), ঋণ আদায়- ৪৫৫.৭৬, এবং সার্ভিস চার্জ আদায় ৩৭.৬০ লক্ষ টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান/প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় নিম্নবর্নিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬টি ৬ নং গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। জিপিএস ও এনএনজিপিএস এবং পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াসব্লক নির্মাণকাজ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | অবশিষ্ট গভীর নলকূপ স্থাপনসহ দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রের ভিতরে বর্তমানে পুকুরপাড় উন্নয়নমূলক কাজের জন্য পাড় সংলগ্ন বিদ্যমান গাছসমূহ ঠিকাদার কর্তৃক গাছের শিকড় কর্তনের ফলে বিভিন্ন প্রজাতীর আনুমানিক ২০ টি গাছ যে কোন সময়ে ভেঙ্গে পড়লে উপরে পরে জানমাল/অফিসের ক্ষতির সম্ভাবনা রয়েছে। উল্লিখিত গাছগুলি কর্তন/অপসারণের জন্য সভায় প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | দুর্ঘটনা এড়াতে প্রস্তাব মোতাবেক বর্ণিত গাছগুলি কর্তন/অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ- ক) চাল : ৩৮৮৬.৪২৫ মেঃ টন, খ) গম : ৬৮৩.৭৫৬ মেঃ টন, গ) খালিবস্তা : ১৫৮০৮০-খানা। রাজৈর উপজেলা ২০২৪-২৫ মৌসুমে অভ্যন্তরীণভাবে সরকার ৩,৭২০ মেঃ টন আমন সিদ্ধ চাল এবং ২৬১ মেঃ টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। কিন্তু রাজৈর উপজেলার সকল মিল মালিকগণ চাল সরবরাহে চুক্তি করেননি। এ উপজেলায় সর্বমোট চুক্তির পরিমান ২০৩২ মে. টন। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এ বছর ম্যানুয়ালি এবং অ্যাপের মাধ্যমে ধান ক্রয় করা হবে। তবে কৃষি অফিস কর্তৃক প্রদেয় উপজেলা সংগ্রহ কমিটির অনুমোদিত তালিকায় উল্লেখিত কৃষকের মধ্য হতে ২৮/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত ধান ক্রয় কার্যক্রম পরিচালিত হবে। কিন্তু এখন পর্যন্ত কোন কৃষক খাদ্যগুদামে ধান বিক্রয় করতে আসেন নি। এ পর্যন্ত আমন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে ৪৬৭.৬৪০ মে. টন। নিম্ন আয়ের জনগোষ্ঠির জন্য সরকার কর্তৃক স্বল্পমূল্যে ১২/০১/২০২৫ খ্রি. তারিখ হতে খোলা বাজারে ওএমএস কার্যক্রম আওতায় রাজৈর পৌরসভায় প্রতিদিন প্রতি কেজি ৩০ টাকা দরে সর্বোচ্চ ০৫ কেজি হারে ০২ টি বিক্রয়কেন্দ্রে ০১ মে. টন করে মোট ০২ মে. টন চাল বিক্রয় করা হচ্ছে। ডিসেম্বর/২৪ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয়েছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০জন ভোক্তার মাঝে (১২,৭৪০x৫)= ৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণ করা হয়। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। এ উপজেলায় চলতি মাসে যাচাই বাছাই শেষে টিসিবি'র ভোক্ত সংখ্যা ৬,১৭৭ জন। এ মাসে এখন পর্যন্ত কোন চাহিদাপত্র পাওয়া যায়নি। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। ডিসেম্বর/২৪ মাসের ভিডব্লিউ খাতে চাল সুন্দরভাবে বিলিবিতরণ সম্পন্ন হয়েছে। জানুয়ারি/২৫ মাসের চাহিদাপত্র এখনও পাওয়া যায়নি। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ভিডব্লিউবি কার্যক্রম গত ৩১-১২-২০২৪ তারিখে শেষ হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এ কার্যক্রম বাস্তাবায়নের জন্য পত্র পাওয়া গেছে এবং সে মোতাবেক উপজেলা কমিটির অবহিতকরণ সভা করা হয়েছে। দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ জানুয়ারি/২৫ হতে মার্চ/২৫ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। পৌরসভায় ০৯ জন ও প্রতি ইউনিয়নে ০৫ জন করে মাসিক মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম যথাযথ চলমান। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ২২ | বিদ্যুৎ বিভাগ | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, ব্যাংকের মোট ২২২ টি সমিতিতে মোট সদস্য ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহবোনাস ও ঘূর্ণায়নমান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৩৬২০০০/- টাকা। ঋণ প্রদানের পরিমান ১২৫০০০০০/- টাকা ও ঋণ আদায়ের পরিমান ১০৭৭২০০০/- টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৪ | উপজেলা পাট পরিদর্শক | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৫ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোট সমিতি- লক্ষমাত্রা ৭৩ টি, অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২০০০ জন, অর্জন- ২০৯০ জন, ঋণী সদস্যের লক্ষমাত্রা-৭৫০ জন, অর্জন-৬৬৫ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা- ৩১০.০০ লক্ষ, অর্জন-১২৩.৭০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায় লক্ষমাত্রা- ৩৪০.৮২ লক্ষ, অর্জন-২৫২.০৬ লক্ষ, মোট খেলাপী (ক্রমপুঞ্জিত)-৪১.৪৪ লক্ষ, মাঠে পাওনা ঋণ-২০০.১২ লক্ষ, আদায়ের হার-৯৮%। সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড লক্ষমাত্রা-২০০ জন, চলতি বছর অর্জন-১০০ জন (সমিতি পর্যায়ে)। সদস্যদের পুঁজি গঠন (ক্রমপুঞ্জিত)- ৯৪.৯৮ লক্ষ। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার |
| ২৬ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | উপজেলা আইসিটি অফিসার, রাজৈর সভায় জানান যে, প্রতিটি সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করা হচ্ছেনা। দ্রুত ওয়েব সাইট আপডেটের ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করেন। জরুরী প্রয়োজনে উপজেলা আইসিটি অফিসার, রাজৈর এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | নিয়মিত দাপ্তরিক ওয়েব পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর জানান যে, শীঘ্রই টিসিবির মাধ্যমে পণ্য বিক্রয় শুরু হবে। তালিকা ও কার্ড যাচাই-পূর্বক পণ্য বিক্রয় করা হবে। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান। সকলকে সহযোগিতা করার অনুরোধ করা হয়। মহাসড়কে স্পীড ব্রেকার দেয়া সম্ভব নয় তবে শিক্ষার্থীদের যাতায়াতের স্বার্থে স্কুলের সামনে রাস্তার পাশে মাটি দেয়ার ব্যবস্থা নেয়া যেতে পারে।<br>(খ) সভাপতি, প্রেসক্লাব, রাজৈর জানান যে, আলমদস্তার স্কুলের সামনে মহাসড়কের পাশে মাটি নাই। এ কারনে স্কুলগামী ছাত্র/ছাত্রীদের যাতায়াতের বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হয়। পর্যাপ্ত খেলার মাঠ না থাকায় ছেলে/মেয়েরা খেলা করতে পারছে না। যে সকল প্রতিষ্ঠানে খেলার মাঠ রয়েছে সে সকল মাঠ শিক্ষার্থীদের খেলাধুলা করার জন্য উন্মুক্ত করার জন্য অনুরোধ করেন। ইন্টারনেটের কম গতির কারনে ল্যাব চালানো যাচ্ছে না। দ্রুত যোগাযোগ করে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। | (ক) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ [illegible])
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৪২ তারিখঃ ২২-০১-২০২৫ খ্রি.

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩ সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪ প্রশাসক, রাজৈর পৌরসভা, মাদারীপুর।

অনুলিপি অবগতি/কার্যার্থে ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ উপজেলা আইসিটি অফিসার, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২ উপজেলা ................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩ চেয়ারম্যান (সকল), ........................ ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪ অফিস কপি।

(মোঃ [illegible])
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

## উপস্থিত সদস্যদের তালিকা (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

### (পরিশিষ্ট-ক)

০১। প্রশাসক, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০২। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপর।
০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৪। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
০৮। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
১৯। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২০। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২১। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, রাজৈর, মাদারীপুর।
২৩। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংকে, রাজৈর, মাদারীপুর।
২৪। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর, মাদারীপুর।
২৫। উপজেলা আইসিটি অফিসার, রাজৈর, মাদারীপুর।
২৬। উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, রাজৈর, মাদারীপুর।
২৭। সভাপতি, দুপ্রক, রাজৈর, মাদারীপুর।
২৮। উপজেলা কো-অর্ডিনেটর, গ্রাম আদালত, রাজৈর, মাদারীপুর।
২৯। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩০। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩১। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩২। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৩। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৪। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৫। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৬। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর।

## অনউপস্থিত সদস্যদের তালিকা (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

### (পরিশিষ্ট-খ)

০১। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৪। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৮। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৯। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
১১। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
১২। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।